

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ৭০৩

১/ বিবিধ

আরবী

كان فص خاتم سليمان بن داود سماويا، فألقي إليه فأخذه فوضعه في خاتمه، وكان
نقشه: أنا الله لا إله إلا أنا، محمد عبدي ورسولي
موضوع

رواه الطبراني وعنه ابن عساكر (7 / 288 / 1) عن مخلد الرعيني: حدثنا حميد بن
محمد الحمصي عن أرطاة بن المنذر عن خالد بن معدان عن عبادة بن الصامت
مرفوعا

ذكره السيوطي في " اللآليء " (1 / 171) شاهدا للحديث الذي قبله فأساء، لأن
الرعيني هذا قال ابن عدي: " حدث بالأباطيل " ثم ذكر له من أباطيله حديثين سبق
أحدهما وهو " التراب ربيع الصبيان " رقم (410) . والآخر يأتي بعد برقم (1252) إن
شاء الله تعالى. وحميد بن محمد الحمصي لم أجده. والله أعلم

বাংলা

৭০৩। সুলায়মান ইবনু দাউদ (আঃ)-এর আংটির পাথর ছিল আসমানী। সেটিকে তার নিকট নিষ্ক্ষেপ করা হলে তিনি তা ধরে ফেলেন, অতঃপর তিনি তার আংটিতে রেখে দেন। তাতে 'আমি আল্লাহ, আমি ছাড়া সত্যিকার অর্থে কোন উপাস্য নেই, মুহাম্মাদ আমার বান্দা ও রাসূল' (বাক্য দুটি) নকশা করা ছিল।

হাদিছটি জাল।

তাবারানী এবং তার থেকে ইবনু আসাকির (৭/২৮৮/১) মিখলাদ আর-রু'আইনী হতে তিনি হুমায়দ ইবনু মুহাম্মদ আল-হিমসী হতে তিনি আরতাত ইবনুল মুনযির হতে ... বর্ণনা করেছেন। সুযুতী "আল-লাআলী"

(১/১৭১) গ্রন্থে পূর্বের হাদীছটির শাহেদ হিসাবে উল্লেখ করে ত্রুটি করেছেন। কারণ এই রু'আইনী সম্পর্কে ইবনু আদী বলেনঃ তিনি বাতিল হাদীছ বর্ণনা করেছেন। অতঃপর তিনি তার বাতিল হাদীছগুলোর দুটি উল্লেখ করেছেন। যার একটি ৪১০ নম্বরে আলোচনা করা হয়েছে। আরেকটির আলোচনা ১২৫২ নম্বরে আসবে ইনশাআল্লাহ।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71582>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন